# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

**বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (এপ্রিল ২০২৬ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার তারিখ | : ০৮-০৬-২০২৬ খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ |
| সভাপতি | : ড. শরিফুল হক ভূঞা<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ। |

১। উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পিএসও এবং প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত ৩১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**২। আলোচ্যসূচি-২: রাজস্ব বাজেটের এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ব্যয় (রাজস্ব) সংশোধিত বাজেটের অনুকূলে ৬১.৭০২৬ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪৩.৯৬৪২ কোটি টাকা। এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয় ৪০.১৮৪৬ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৯১.৪০% এবং বরাদ্দকৃত অর্থের ৬৫.১৩%।

**৩। আলোচ্যসূচি-৩: প্রকল্পসমূহের এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

**৩.১ "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" অনুকূলে ৩০.৬০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ২০.৫৫ কোটি টাকা। এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয় ১৬.৭৪৮ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৮১.৫০% এবং বরাদ্দকৃত অর্থের ৫৪.৭৩%।

**৩.২ তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছর বাস্তবায়নাধীন "তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের" অনুকূলে ১.৪৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে আইবাস অনুযায়ী প্রাপ্যতা ১.৪৯ কোটি টাকা। এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয় ০.৭৫৮৩ কোটি টাকা যা ছাড়কৃত এবং বরাদ্দকৃত অর্থের ৫০.৯০%।

**৩.৩ "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর অনুকূলে ৬.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তিসহ মোট ৪.৫০ কোটি টাকা ছাড় হয়েছে। এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয় ৩.৩৩৯৩ কোটি টাকা। যা ছাড়কৃত অর্থের ৭৪.২১% এবং বরাদ্দকৃত অর্থের ৫৫.৬৬%।

**৩.৪ বিশ্ব ব্যাংক/ IFAD এর ঋণ অর্থায়নে "Establishment of Irradiation Center প্রকল্পের এপ্রিল ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

"Establishment of Irradiation Center" প্রকল্পের অনুকূলে ১৪.৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তিতে ১৪.৫০ কোটি টাকা ছাড়করণ হয়েছে। এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয় ১২.১৬৮ কোটি যা ছাড়কৃত অর্থের ৮৩.৯২% এবং বরাদ্দকৃত অর্থের ৮৩.৯২%।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | বিনা'য় চলমান সকল প্রকল্প/কর্মসূচির খাতওয়ারী আর্থিক মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম কার্যদিবসের মধ্যে পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) দপ্তরে প্রেরণ করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সকল প্রকল্প পরিচালক/ সমন্বয়ক/ কর্মসূচি পরিচালক |
| ৪.২ | বিনা'য় চলমান সকল প্রকল্প, কর্মসূচি এবং বিদেশি ফান্ডে পরিচালিত প্রকল্প/কর্মসূচির ডিপিপি'র একটি কপি মহাপরিচালকের দপ্তর এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা দিতে হবে। | প্রকল্প / কর্মসূচি পরিচালক |
| ৪.৩ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত যন্ত্রপাতির বর্তমান অবস্থা সংক্রান্ত প্রতিবেদন সচিব বরাবর প্রেরণের উদ্দেশ্যে ৩ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি মেশিনগুলো কোন সোর্স থেকে ক্রয় করা হয়েছে, কবে ক্রয় করা হয়েছে, কতো টাকা, কাজ ইত্যাদি তথ্য একটি নির্দিষ্ট ফরম্যাটে প্রতিবেদন আকারে প্রস্তুত করে জমা প্রদান করতে হবে এবং যন্ত্রপাতির বর্তমান অবস্থা সম্পর্কে একটি সভা আয়োজন করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পের মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে করতে হবে এবং মনিটরিং ক্যালেন্ডার তৈরি করে মহাপরিচালকের দপ্তরে জমা দিতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালক |
| ৪.৫ | মনিটরিং প্রতিবেদনগুলো মন্ত্রণালয়ের ফরম্যাট অনুযায়ী জমা দিতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা/সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| ৪.৬ | বিনা'র রাজস্ব এবং প্রকল্পের প্রশিক্ষণগুলো যথাযথভাবে আয়োজন নিশ্চিত করতে হবে। | ট্রেনিং অফিসার |
| ৪.৭ | বিনা উপকেন্দ্র নোয়াখালির বেদখলকৃত ভূমি সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) |
| ৪.৮ | ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের সকল খরচ দ্রুততম সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত মহাপরিচালক; পরিচালক (প্রশা. ও সা.সা.); প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা; উপপরিচালক (অর্থ) সভার মাধ্যমে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ উপপরিচালক (অর্থ) |
| ৪.৯ | ২০২৫-২৬ অর্থবছরের প্রকল্পের সকল খরচ দ্রুততম সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক সভার মাধ্যমে সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন। | প্রকল্প পরিচালক, SRAB/ প্রকল্প পরিচালক, EPOC |

৫। **কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার গৃহিত সিদ্ধান্ত:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বিনা কর্তৃক গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ৫.১ | প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যেন কোন প্রকারের দুর্নীতি, অনিয়ম বা অব্যবস্থাপনা না হয় সেদিকে সর্বোচ্চ লক্ষ্য রেখে কাজ করতে হবে; | প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যেন কোন প্রকারের দুর্নীতি, অনিয়ম বা অব্যবস্থাপনা না হয় সেদিকে সর্বোচ্চ লক্ষ্য রেখে কাজ করা হচ্ছে। |
| ৫.২ | সকল দপ্তর/সংস্থার বেদখলকৃত ভূমি উদ্ধারে সচেষ্ট থাকতে হবে এবং বেদখলকৃত ভূমির তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| ৫.৩ | ভূমি অধিগ্রহণ রয়েছে এমন প্রকল্পের প্রকল্প পরিচালকগণ অধিগ্রহণের ক্ষেত্রে বিলম্বের কারণসমূহ চিহ্নিত করে দ্রুত অধিগ্রহণ কার্যক্রম সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে প্রয়োজনে মন্ত্রণালয়কে অবহিত করে সহযোগিতা নিতে হবে; | গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। |
| ৫.৪ | প্রয়োজনীয়তার নিরিখে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সহ নতুন প্রকল্পের উদ্যোগ গ্রহণ করতে হবে; | প্রযোজ্য নয় |

২৭.০৫.২০২৬